# সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
**শান্তিগঞ্জ, সুনামগঞ্জ-৩০০০।**

স্মারক নংঃ সুবিপ্রবি/প্রশা/নিয়োগ-৭৩২            তারিখঃ ১৩/০৪/২০২৫ খ্রি.

## সংশোধিত বিজ্ঞপ্তি

## শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল, গ্রেড, বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১. | **সহযোগী অধ্যাপক**<br>(গ্রেড-০৪)<br>**কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ**<br><br>বেতন স্কেল ৳: ৫০,০০০-৭১,২০০/-<br>পদ সংখ্যা: ০১ টি<br><br>(যোগ্য প্রার্থী না পাওয়া গেলে উক্ত পদের বিপরীতে যোগ্যতা সম্পন্ন<br><br>সহকারী অধ্যাপক<br>৳: ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড-০৬)<br><br>অথবা<br><br>প্রভাষক<br>৳: ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯)<br>নিয়োগ দে'য়া যেতে পারে) | **সহযোগী অধ্যাপক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা**<br>১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে নূন্যতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে নূন্যতম ০৪ (চার) বছরসহ মোট নূন্যতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) নূন্যতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে।তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে নূন্যতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে এবং First Author/Corresponding Author হিসাবে নূন্যতম ০২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার নূন্যতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed Jurnal এ প্রকাশিত হইতে হইবে।<br>**সহকারী অধ্যাপক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা**<br>১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে নূন্যতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে নূন্যতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে নূন্যতম ০২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে নূন্যতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) নূন্যতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে; যার মধ্যে First Author হিসাবে নূন্যতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে।<br>**প্রভাষক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা**<br>১. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২. সংশ্লিষ্ট বিভাগে প্রার্থীদেরকে-<br>সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে নূন্যতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ ৯.০০ থাকতে হবে। তবে কোনটিতেই জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না। |

১৩।৪।২৫

| | | |
|---|---|---|
| ০২. | **রেজিস্ট্রার**<br>বেতন স্কেল ৳: ৫৬,৫০০-৭৪,৪০০/-<br>(গ্রেড-৩)<br><br>অনূর্ধ্ব ৫০ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পরীক্ষা পাসের পর স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি।<br>২. প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএ থাকিতে হইবে।<br>৩. প্রার্থীকে ১ম শ্রেণির (৯ম গ্রেড) কর্মকর্তা হিসাবে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে, যাহার মধ্যে ডেপুটি রেজিস্ট্রার (৫ম গ্রেড) হিসাবে ৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।<br>৪. বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রি প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক/প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৩. | **পরিচালক (অর্থ ও হিসাব)**<br>বেতন স্কেল ৳: ৫৬,৫০০-৭৪,৪০০/-<br>(গ্রেড-৩)<br><br>অনূর্ধ্ব ৫০ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে একাউন্টিং, ফিন্যান্স ও অর্থনীতি ভাগে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পরীক্ষা পাসের পর স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বছর মেয়াদি একাউন্টিং, ফিন্যান্স ও অর্থনীতিতে শিক্ষা সমাপনী ডিগ্রি।<br>২. প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএ থাকিতে হইবে।<br>৩. প্রার্থীকে ১ম শ্রেণীর (৯ম গ্রেড) কর্মকর্তা হিসাবে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে, যাহার মধ্যে উপ-পরিচালক (অর্থ ও হিসাব/অডিট/বাজেট) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞা থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে। বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রি প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব বিভাগের কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>৪. প্রার্থীকে স্নাতকোত্তর ডিগ্রি সহ সিএ/সিএমএ বা ইহার সমমানের পেশাগত যোগ্যতা ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেজ এর কাজে অভিজ্ঞ, সক্ষম এবং বিশ্ববিদ্যালয়, শিক্ষাবোর্ড বা অনুরুপ কোন প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৪. | **পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)**<br>বেতন স্কেল ৳: ৫৬,৫০০-৭৪,৪০০/-<br>(গ্রেড-৩)<br><br>অনূর্ধ্ব ৫০ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশলে স্নাতক (সিভিল/আরবান এন্ড রুরাল প্লানিং/আর্কিটেকচার) ডিগ্রির অধিকারী হইতে হইবে। শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ/জিপিএ থাকিতে হবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।<br>২. প্রার্থীকে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বা সমমানের পদে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা ও উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বা সমমানের পদে ন্যূনতম ০৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির পদে মোট ১৬ (ষোল) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উন্নয়ন ও পরিকল্পনা কাজে উপ-পরিচালক/ সমমানের পদে ন্যূনতম ০৬ (ছয়) বছরের চাকুরির অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির পদে মোট ১৬ (ষোল) বছরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>পাবলিক বিশ্ববিদ্যালয় এবং সরকারী প্রতিষ্ঠানের প্রকল্প প্রনয়ন ও বাস্তবায়ন এবং পিপিএ এবং পিপিআর সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ উপরোক্ত অভিজ্ঞতা সম্পন্ন উচ্চতর ডিগ্রীধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৫. | **উপ-পরিচালক (অর্থ ও হিসাব)**<br>বেতন স্কেল ৳: ৪৩,০০০-৬৯,৮৫০/-<br>(গ্রেড-০৫)<br><br>অনূর্ধ্ব ৪০ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হইতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫ এর মানে) এবং বাণিজ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মানে) থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।<br>২. পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)/সমমানের পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর |



১৮/৪/২৫

| | | |
|---|---|---|
| | | চাকরির অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির পদে মোট ১০ (দশ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি আর্থিক বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ উপরিউক্ত অভিজ্ঞতা সম্পন্ন উচ্চ ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। |
| ০৬. | **ডেপুটি রেজিস্ট্রার**<br>বেতন স্কেল ৳: ৪৩,০০০-৬৯,৮৫০/-<br>(গ্রেড-০৫)<br><br>অনূর্ধ্ব ৪০ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী হইতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫ এর মানে) এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মানে) থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।<br>২. পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী রেজিস্ট্রার/সমমানের পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর চাকরির অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির পদে মোট ১০ (দশ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৩. পাবলিক বিশ্ববিদ্যালয়ের আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ উপরিউক্ত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৭. | **সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক**<br>বেতন স্কেল ৳: ২৯,০০০-৬৩,৪১০/-<br>(গ্রেড-০৭)<br><br>অনূর্ধ্ব ৩৩ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পরীক্ষা পাসের পর স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫.০ এর মানে) এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪.০ এর মানে) থাকিতে হইবে। কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/ সকরারি/ আধা সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে শাখা কর্মকর্তা/সমমানের ১ম শ্রেণির পদে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।<br>৩. পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ উপরোক্ত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৮. | **সেকশন অফিসার**<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পরীক্ষা পাসের পর স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫.০ এর মানে) এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪.০ এর মানে) থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।<br>৩. বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রি প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক/প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৯. | **লিয়াজোঁ ও প্রটোকল কর্মকর্তা**<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-০৯)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পাবলিক রিলেশন/জার্নালিজম এ মাস্টার্স বা ৪ (চার) বছর মেয়াদি স্নাতক ডিগ্রী থাকিতে হইবে।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসি/সমমানের পরীক্ষায় জিপিএ ৩.০ (৫.০ এর মানে) এবং স্নাতক ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মানে) থাকিতে হইবে।<br>৩. সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

১৮/৪/২৫

| | | |
|---|---|---|
| ১০. | **সহকারী প্রোগ্রামার**<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-০৯)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট সমমানের কোন ইঞ্জিনিয়ারিং বিভাগ হইতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীর অধিকারী হইতে হইবে। প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫ এর মানে) এবং বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মানে) থাকিতে হইবে।<br>২. MySQL/PHP/LINUX/Windows NT তে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১. | **জনসংযোগ কর্মকর্তা**<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-০৯)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ/ সাংবাদিকতা বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>প্রার্থীকে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পরীক্ষা পাসের পর স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ/সাংবাদিকতা বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫.০ এর মানে) এবং গনযোগাযোগ/সাংবাদিকতা বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪.০ এর মানে) থাকিতে হইবে।<br>৪. প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে। কম্পিউটার লিটারেসি এবং ইংরেজি ও বাংলায় উত্তম জ্ঞান থাকা অপরিহার্য। কম্পিউটারে এমএস অফিস চালনায় অভিজ্ঞতা ও দক্ষতা বিশেষভাবে বিবেচিত হবে। |
| ১২. | **অডিট অফিসার**<br>বেতন স্কেল ৳: ২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-০৯)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে একাউন্টিং/ফিন্যান্স বিভাগে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি পাসের পর স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বছর মেয়াদি বানিজ্য বিভাগে শিক্ষা সমাপনী ডিগ্রি/এম.বি.এ একাউন্টিং/ফাইনান্স এর মেজর বিষয় থাকিতে হইবে।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫ এর মানে) এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মানে) থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে।<br>৩. কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অডিট অফিসার হিসাবে অডিট সংক্রান্ত কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে অথবা অডিটর হিসাবে অডিট সংক্রান্ত কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৩. | **সহকারী নিরাপত্তা কর্মকর্তা**<br>বেতন স্কেল ৳: ১৬,০০০-৩৮,৬৪০/-<br>(গ্রেড-১০)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক সহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ.এস.সি পরীক্ষা পাসের পর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫.০ এর মানে) এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪.০ এর মানে) থাকিতে হইবে।<br>৩. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নিরাপত্তা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। প্রার্থীকে কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞতাসহ সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারনা থাকা আবশ্যক। |
| ১৪. | **উপ-সহকারী প্রকৌশলী**<br>(সিভিল/ইলেকট্রিক্যাল)<br>(গ্রেড-১০)<br>বেতন স্কেল ৳: ১৬,০০০-৩৮,৬৪০/-<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি (সিভিল)<br>০১ টি (ইলেকট্রিক্যাল) | ১. প্রার্থীকে অবশ্যই প্রকৌশলে (সিভিল/ইলেকট্রিক্যাল) ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা পাস হইতে হইবে।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসি/সমমানের পরীক্ষায় জিপিএ ৩.০ (৫.০ এর মানে) এবং ডিপ্লোমার ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মানে) থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে। |

১৮/৪/২৫

| | | |
|---|---|---|
| ১৫. | **সহকারী হিসাব-রক্ষণ কর্মকর্তা**<br>বেতন স্কেল ৳: ১৬,০০০-৩৮,৬৪০/-<br>(গ্রেড-১০)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পরীক্ষা পাসের পর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বছর মেয়াদি বাণিজ্য বিভাগে শিক্ষা সমাপনী ডিগ্রি।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫.০ এর মানে) এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪.০ এর মানে) থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে। |
| ১৬. | **ক্যাটালগার**<br>বেতন স্কেল ৳: ১২,৫০০-৩২,২৪০/-<br>(গ্রেড-১১)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তথ্যবিজ্ঞান/গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পরীক্ষা পাসের পর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক ডিগ্রি সহ ০১ (এক) বছর মেয়াদি তথ্যবিজ্ঞান/গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ডিপ্লোমা সার্টিফিকেট থাকিতে হইবে।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫ এর মানে) এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মানে) থাকিতে হইবে। প্রার্থীকে অবশ্যই তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হইতে হইবে। |
| ১৭. | **ডাটা এন্ট্রি অপারেটর**<br>বেতন স্কেল ৳: ১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড-১৩)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বিজ্ঞান শাখা হইতে উত্তীর্ণের পর বিজ্ঞানে স্নাতক ডিগ্রীর অধিকারী হইতে হইবে।<br>২. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচ এস সি/সমমানের পরীক্ষায় জিপিএ ৩.০ (৫.০ এর মানে) এবং স্নাতক ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মানে) থাকিতে হইবে। কম্পিউটারে বাংলা এবং ইংরেজিতে প্রতি মিনিটে কমপক্ষে ২৫ (পঁচিশ) ও ৪৫ (পয়তাল্লিশ) শব্দ টাইপ করার ক্ষমতা থাকিতে হইবে। দাপ্তরিক কাজ সহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারের দক্ষতা থাকিতে হইবে।<br>৩. কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৮. | **অফিস সহকারী কাম-কম্পিউটার টাইপিস্ট**<br>বেতন স্কেল ৳: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০২ টি | ১. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ (৫.০ এর মানে) থাকিতে হইবে।<br>কম্পিউটারে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২৫ (পঁচিশ) ও ৪৫ (পয়তাল্লিশ) শব্দ টাইপ করার ক্ষমতা থাকিতে হইবে। দাপ্তরিক কাজ সহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।<br>২. কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সেক্রেটারিয়াল প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৯. | **প্লাম্বার**<br>বেতন স্কেল ৳: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে সকল পর্যায়ে ন্যূনতম জিপিএ ৩.০ (৫.০ এর মানে) থাকিতে হইবে। কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি (ভোকেশনাল) সংশ্লিষ্ট ট্রেডে পাশ হইতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে নূন্যতম জিপিএ ৩.০ (৫.০ এর মানে) বা ইহার সমতুল্য জিপিএসহ এসএসসি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে। সরকারি/সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদী সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট ধারী হইতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে নূন্যতম জিপিএ ৩.০ (৫.০ এর মানে) বা ইহার সমতুল্য জিপিএসহ এসএসসি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশসহ সরকারি কোন প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৬ (ছয়) মাসের সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ নূন্যপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ২ (দুই) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |



১৮/৪/২৫

| | | |
|---|---|---|
| ২০. | **ইলেকট্রিশিয়ান**<br>বেতন স্কেল ৳: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে সকল পর্যায়ে ন্যূনতম জিপিএ ৩.০ (৫.০ এর মানে) থাকিতে হইবে। কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি (ভোকেশনাল) সংশ্লিষ্ট ট্রেডে পাশ হইতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে নূন্যতম জিপিএ ৩.০ (৫.০ এর মানে) বা ইহার সমতুল্য জিপিএসহ এসএসসি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে। সরকারি/সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদী সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট ধারী হইতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>অথবা<br>প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে নূন্যতম জিপিএ ৩.০ (৫.০ এর মানে) বা ইহার সমতুল্য জিপিএসহ এসএসসি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশসহ সরকারি কোন প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৬ (ছয়) মাসের সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ নূন্যপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ২ (দুই) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২১. | **গাড়ি চালক/ড্রাইভার**<br>বেতন স্কেল ৳: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০২ টি | ১. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ (৫.০ এর মানে) সহ ০২ (দুই) বৎসরের গাড়ি চালনার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে এবং বিআরটিএ কর্তৃক প্রদত্ত হালকা যান/ভারী যানবাহন চালনার লাইসেন্স থাকিতে হইবে।<br>অথবা<br>প্রার্থীকে অষ্টম শ্রেণি পাশ সহ ০৫ (পাঁচ) বছরের গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে এবং বিআরটিএ কর্তৃক প্রদত্ত হালকা যান/ভারী যানবাহন চালনার লাইসেন্স থাকিতে হইবে।<br>২. প্রার্থীকে ৬/৬ দৃষ্টি শক্তিসহ সুস্বাস্থের অধিকারী হইতে হইবে এবং যানবাহন রক্ষণাবেক্ষণ ও লগবই লেখার অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২২. | **কুক/বাবুর্চি**<br>বেতন স্কেল ৳: ৮,৮০০-২১,৩১০/-<br>(গ্রেড-১৮)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০১ টি | ১. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে ন্যূনতম এসএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৩.০ (৫-এর মানে) থাকিতে হইবে। রান্না-বান্নার কাজে ন্যূনতম ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রতিষ্ঠিত অফিস, সংস্থা বা রেঁস্তোরায় কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>অথবা<br>প্রার্থীকে অষ্টম শ্রেণী পাশ সহ ৫ (পাঁচ) বৎসরের রান্না-বান্নার কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রতিস্থিত অফিস, সংস্থা বা রেস্তোরায় কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৩. | **অফিস সহায়ক**<br>বেতন স্কেল ৳: ৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড-২০)<br><br>অনূর্ধ্ব ৩২ বৎসর<br>পদ সংখ্যা: ০২ টি | ১. প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি বা ইহার সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ (৫.০ এর মানে) থাকিতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |

**আবেদনপত্রের শর্তাবলীঃ**

১. প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম এ আবেদন করিতে হইবে।

২. আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্টস (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি) ক্রমিক ১ নম্বরের সহযোগী অধ্যাপক পদের জন্য ১০ (দশ) সেট, সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ০৬ (ছয়) সেট, ক্রমিক নং ২ হইতে ক্রমিক নং ১৫ পর্যন্ত ০৬ (ছয়) সেট এবং ক্রমিক নং ১৬ হইতে ক্রমিক নং ২৩ পর্যন্ত ০১ (এক) সেট আবেদনপত্র **আগামী ১২/০৫/২০২৫ খ্রি.** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে "রেজিস্ট্রার, সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, অস্থায়ী প্রশাসনিক ভবন, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ-৩০০০" বরাবর প্রেরণ করিতে হইবে। ডাক যোগাযোগ সংক্রান্ত বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ি নয়।

৩. আবেদনপত্রের সাথে ক্রমিক ০১ থেকে ক্রমিক ১৫ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা, ক্রমিক ১৬ নং পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা, ক্রমিক ১৭ থেকে ২১ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক ২২ থেকে ২৩ নং পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংকের যেকোন শাখা হইতে অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "রেজিস্ট্রার, সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" নামে জমা দিতে হইবে (পোস্টাল অর্ডার গ্রহণ যোগ্য নয়)।



১৮/৪/২৫

৪. খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করিতে হইবে।

৫. মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র-নৃগোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে প্রাপ্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।

৬. প্রার্থীর সংখ্যা বেশি হইলে প্রয়োজনে লিখিত পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হইতে পারে। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান টেলিফোন/এসএমএস-এর মাধ্যমে জানানো হইবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হইবে না।

৭. বয়সসীমা নির্ধারণ এবং কোটা সংরক্ষণের বিষয়ে সরকারি সর্বশেষ নির্দেশনা অনুসৃত হইবে।

৮. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মধ্যে যে কোন একটি শিথিলযোগ্য।

৯. অভিজ্ঞতা বলিতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/কর্পোরেশনের চাকুরির অভিজ্ঞতা বুঝাইবে।

১০. কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হইবে।

১১. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

১২. সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে সকল মূল সনদপত্র ও সংশ্লিষ্ট পত্রাদিসহ উপস্থিত থাকিতে হইবে।

১৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করিতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করিতে বাধ্য থাকিবে না।

১৪. নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

১৫. আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিনে বয়স গণণা করা হইবে।

১৩।৪।২৫

প্রকৌশলী মোঃ সারফুদ্দিন
রেজিস্ট্রার (অ.দা)
সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সুনামগঞ্জ।

স্মারক নংঃ সুবিপ্রবি/প্রশা/নিয়োগ-৭৩২ তারিখঃ ১৩/০৪/২০২৫ খ্রি.

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য**;

১। ডিন (সকল অনুষদ), অত্র বিশ্ববিদ্যালয়।
২। সকল বিভাগীয় চেয়ারম্যান, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক (অর্থ ও হিসাব), অত্র বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), অত্র বিশ্ববিদ্যালয়।
৫। নির্বাহী প্রকৌশলী (প্রকৌশল দপ্তর), অত্র বিশ্ববিদ্যালয়।
৬। রেজিস্ট্রার, (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)।
৭। প্রশাসনিক কর্মকর্তা (উপাচার্য মহোদয়ের গোচরে আনার জন্য), অত্র বিশ্ববিদ্যালয়।
৮। সংরক্ষণ নথি।